Sub: Bengali Grammar Work Sheet-1 Class: 6 Date: 14.04.2020

# সরল বাক্যের গঠন ও বাক্যের সাধু চলিত রূপ

**সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ-**

১। মনের ভাবপ্রকাশ করার জন্য যে কতগুলো শব্দ বা পদকে সাজিয়ে লেখা হয় তাকে বলে —

(ক) ভাষা (খ) বাক্য

(গ) লিঙ্গ (ঘ) বর্ণ

২। এক বা একাধিক ধ্বনির যোগে বিশেষ ভাবপ্রকাশক কি গঠিত হয়?

(ক) শব্দ বা পদ (খ) বাক্য

(গ) ভাষা (গ) বর্ণ

৩। শব্দের সঙ্গে বিভক্তিযুক্ত হলে তাকে কি বলে?

(ক) বর্ণ (খ) বাক্য

(গ) ভাষা (ঘ) পদ

৪। একটি বাক্য ছোট বড় বা সংক্ষিপ্ত নানাপ্রকারের হতে পারে তবে তার মধ্যে উপযুক্ত কি থাকা চাই?

(ক) সঙ্গতিপূর্ণ একটা অর্থ (খ) শব্দ

(গ) ভাষা (ঘ) কোনটি নয়

৫। সম্পূর্ণ অর্থপ্রকাশ করতে হলে একটি বাক্যে অন্তত একটি কর্তা এবং আর কি থাকতেই হবে?

(ক) কর্ম (খ) সমাপিকা ক্রিয়া

(গ) ক্রিয়া (ঘ) কোনটি নয়

৬। যে কোনো বাক্যে কয়টি অংশ থাকে?

(ক) দুটি (খ) তিনটি

(গ) চারটি (ঘ) কোনটি নয়

৭। একটি শুদ্ধ বা সার্থক বাক্যে কয়টি গুণ থাকতে পারে?

(ক) দুই (খ) তিন

(গ) চার (ঘ) পাঁচ

৮। থেকে ফল পড়ল গাছ — এই অশুদ্ধ বাক্যে কোন্‌টি অনুপস্থিত?

(ক) বিশেষ্যহীন (খ) পদগুলি যথাস্থানে বসেনি

(গ) ক্রিয়াপদহীন (ঘ) কোনটি নয়

৯। হাঁস মাটিতে সাঁতার দিচ্ছে। — এই অশুদ্ধ বাক্যে কোন্‌টি অনুপস্থিত?

(ক) অর্থ বা ভাবের সঙ্গতি নেই (খ) পদগুলি যথাস্থানে বসেনি

(গ) ক্রিয়াপদহীন (ঘ) কোনটি নয়

১০। তোমার জন্য আমি — এই অশুদ্ধ বাক্যে কোন্‌টি অনুপস্থিত?

(ক) বিশেষ্যহীন (খ) ভাবের সঙ্গতি নেই

(গ) আগ্রহ বা আকাঙ্ক্ষা পুরো মেটেনি (ঘ) কোনটি নয়

১১। বাংলা বাক্যে সাধারণত উদ্দেশ্য ও বিধেয় কোথায় কোথায় বসে?

(ক) উদ্দেশ্য প্রথমে বিধেয় পরে (খ) বিধেয় আগে উদ্দেশ্য পরে

(গ) উদ্দেশ্য শেষে বিধেয় মাঝে (ঘ) কোনটি নয়

১২। আমাদের মনের ভাব আমরা কয়টি রীতিতে লিখে প্রকাশ করি?

(ক) দুটি (খ) তিনটি

(গ) চারটি (ঘ) কোনটি নয়

১৩। বাংলাদেশে গদ্য লেখায়, চিঠিপত্রে, দলিলে যে ভাষা ব্যবহৃত হয় তা হল —

(ক) সাধু ভাষা (খ) চলিত ভাষা

(গ) কাব্য ভাষা (ঘ) কোনটি নয়

১৪। ভাগীরথী নদীর তীরের ভাষাটি হল —

(ক) সাধু ভাষা (খ) চলিত ভাষা

(গ) কাব্য ভাষা (ঘ) কোনটি নয়

১৫। সাধু ও চলিত ভাষায় মূল পার্থক্য দেখা যায় —

(ক) বিশেষ্য ও সর্বনাম পদের রূপে (খ) সর্বনাম ও ক্রিয়াপদের রূপে

(গ) বিশেষ্য ও ক্রিয়াপদের রূপে (ঘ) কোনটি নয়

**Amit Kundu**

*************